## জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠিত ৬ষ্ট উপজেলা পরিষদ, দাকোপের ১ম উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।

সভপতি : আলহাজ্ব শেখ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ : ২৪/০৭/২০২৪ খ্রিঃ।
সময় : ১১ : ০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার আহবান করা হয়। তিনি সভায় উপস্থিত মননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৯ খুলনা-১, নব-নির্বাচিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়, বিভাগীয় কর্মকর্তাবৃন্দ, ইউপি চেয়ারম্যানবৃন্দগন ও পরিষদের সকল সদস্যদের শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে জুন/২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কোন পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয় । অতঃপর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রঃনং | দপ্তরের নাম | দপ্তরভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্য ৯৯ খুলনা-১ | শ্রী ননী গোপাল মন্ডল, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৯ খুলনা-১ ও উপদেষ্টা উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভা বলেন যে, গত ৭ জুলাই সরকারি চাকুরিতে কোটা পদ্ধতি বতিলের দাবিতে শিক্ষার্থীদের চলমান আন্দোলনকে ঘিরে যে সংকটময় পরিস্থিতি তৈরী হয়েছে, তা দ্রুত নিরসন করা প্রয়োজন। আমরা সংঘাত চাইনা। আমরা ঐক্যে বিশ্বাসী, বিবাদে নয়। স্বাধীনতার মূল্যবোধ ও চেতনার প্রতি আমাদের অঙ্গকির রয়েছে। আমরা সবার কাছ থেকে দায়িত্বশীল আচরণ প্রত্যাশা করি। আন্দোলনের নামে একটি দেশ বিরোধী মহল সামাজিক যোগাযোগ মাধ্যমসহ বিভিন্নভাবে অপপ্রচার চালাচ্ছে। মূলত তারা দেশের গণতন্ত্র ও উন্নয়নকে বাধাগ্রস্থ করতে চায়। দাকোপ একটি শান্তি প্রিয় জায়গা। আমরা ধৈর্য ও সংযমের মাধ্যমে সকলকে একযোগে পরিস্থিতির মোকাবেলা করার আহবান জানান। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণে লক্ষ্যে ধৈর্য ও সংযমের মাধ্যমে সকলকে একযোগে পরিস্থিতির মোকাবেলা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইন-চার্জ দাকোপ থানা, সকল বিভাগীয় প্রধান, জনপ্রতিনিধি (সকল) এবং সাংবাদিকবৃন্দ। |
| ২. | উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, আগামী ৩০ জুলাই/২০২৪ থেকে ৫ আগস্ট/২০২৪ পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উৎযাপন করা হবে। এ সময়ে সামদ্রিক জলসীমায় মৎস্য আহরণ নিষিদ্ধ আছে। এ কার্যক্রমের অংশ হিসেবে নিয়মিত মোবাইল কোর্ট অভিযান কার্যক্রম চলমান থাকবে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | নদীতে মোবাইল কোর্ট চলমান রাখাসহ দপ্তরের অন্যান্য কাজ সঠিক ভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভিডব্লিউবি কর্মসূচীর বরাদ্দ না থাকায় জুলাই/২০২৪ মাসের খাদ্যের চাহিদাপত্র প্রদান কর হয়নী। মা ও শিশু সহায়তা কর্মসূচীর কনো বরাদ্দ পাওয়া যায়নী। ২টি উঠান বৈঠক করা হয়েছে। এছাড়া নারী ও শিশু প্রতিরোধ কমিটির সভা, বাল্য বিবাহ প্রতিরোধ কামিটির সভা ও মানব পাচার প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। কিশোর কিশোরী ক্লাব নিয়মিত চলছে। এপিসি প্রকল্পসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারিতি চলছে। | আলোচ্য বিষয়ে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী প্রয়োজনয়ী ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণসহ দপ্তরের অন্যান্য বিষয়ে কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৪. | উপজেলা প্রকৌশল দপ্তর। | উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা শহরে (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের উপজেলা পরিষদ ভবনের সামনে এ্যাপ্রোচ সড়ক ইউনিব্লক দ্বারা উন্নয়ন প্রকল্পের কাজ চলামান আছে। কিন্ত নবনির্মিত পরিষদ ভবনের সামনের এ্যাপ্রোচ সড়ক মূল প্রাক্কলনে অন্তর্ভূক্ত না থাকায় তা কাজের সার্থে সংশোধিত প্রাক্কনে অন্তর্ভুক্ত করার বিষয় প্রস্তাব করেন। | আচেলোচ্য প্রকল্পের কাজ সঠিকভাবে সমাপ্ত করার লক্ষ্যে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| | | এছাড়া উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর ৩(ঢ) অনুচ্ছেদে সংবাদপত্রের বিজ্ঞাপন বিল পরিশোধের বিধান আছে। সে লক্ষ্যে ২০২৩-২৪ অর্থ বছরে ইউজিডিপি এর ০৮ টি টেন্ডার, এডিপি ০৩টি, টেন্ডারের মাধ্যমে আনসার সেডের ০১টি এবং ইউনিয়ন পরিষদ টেন্ডারের জন্য ০২টি সর্বমোট ১৩ টি টেন্ডার বিজ্ঞপ্তির বিল পরিশোর জন্য দাখিল করা হয়ে। নীমিলা অনুয়ায়ী বিলগুলো উপজেলা পরিষদ রাজস্ব (তহবিল/উন্নয়ন) তহবিল মেটানোর সুপারিশ করা হয়। | আলোচ্য বিষয়ে বিজ্ঞাপনের সকল বিল উপজেলা পরিষদ রাজস্ব/উন্নয়ন তহবিল থেকে মেটানোর সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী। |
| ৫. | উপজেলা সমাজসেবা কার্যালয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, দাকোপ উপজেলার সকল বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা, বেদে জনাগোষ্ঠীর বিশেষ শিক্ষা শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ শিক্ষা উপবৃত্তির ২০২৩-২০২৪ ৪র্থ কিস্তির টাকা স্ব স্ব উপকাভোগীর নগদ হিসাবে পৌছেছে এবং অধিকাংশ উপকারভোগী তা উত্তোলন করতে পেরেছেন। যে সকল উপকারভোগীদের ওটিপি | আলোচ্য বিষয়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল)। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | হ্যাকাররা জান্তে পেরেছে। তাদের দ্রুত নগদ নাম্বর পরিবর্তন করতে হবে। উপকারভোগীদের বিভিন্নভাবে সতর্ক করার পরও তারা এই ওটিপি শেয়ার করছে এবং জন্ম সাল ও ১২৩৪ এ রকম পিন কোড ব্যবহার করে যাচ্ছে। বিষয়টি অত্যন্ত উৎকণ্ঠার। এ বিষয়ে সকলের পক্ষ থেকে সাধ্যমত ভাতাভোগী/উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের সচেতন করার জন্য বিনীতভাবে অনুরোধ করা হয়। এছাড়া লাইভ ভেরিফিকেশনের মাধ্যমে যাচাইকৃত মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগীর পরিবর্তে নতুন উপকারভোগী নির্বাচন পূর্বক দ্রুত সমাজসেবা কার্যালয়ে তালিকা প্রেরণের জন্য ইউনিয়ন চেয়ারম্যানদের অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম যথারিতি চলছে। | | |
| ৬. | ১ নং পানখালী ইউনিয়ন পরিষদ। | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি জানান যে, পানখালী ২ নং ওয়ার্ড ৯ চেইন রাস্তা খুবই বেহাল অবস্থা। মানুষ চলাচলের জন্য একবারেই অনুপযোগী হয়ে গেছে। জরুরীভাবে প্রকল্প গ্রহণের অনুরোধ জানান।<br><br>এছাড়া জরুরীভাবে পানখালী খেয়া ঘাটের সিসি ক্যামেরা মেরামতসহ ২ নং ওয়ার্ডের কমিউনিটি ক্লিনিক সংস্কার এবং লক্ষীখোলা পিচের মাথায় খেয়াঘাটে যাতায়াতের রাস্তাটি ইটসোলিং করার অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ৭. | চেয়ারম্যান ২ নং দাকোপ ইউপি। | চেয়ারম্যান ২ নং দাকোপ ইউপি সভায় জানান যে, পানি উন্নয়ন বোর্ডের বেড়ীবাঁধে স্লুইসগেট আছে সেগুলো নষ্ট হয়ে আছে। জরুরীভাবে এগুলো মেরামতসহ দাকোপ ইউনিয়নের D.S-7 স্লুইস গেটের পাটা টিকমত স্থাপন হয়নী এ বিষয়ে সমাধানের ব্যবস্থা গ্রহণ<br><br>তার ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ রাস্তার উপর গবাদী পশু বেঁধে রাখা, গবাদী পশুর মল শুকানো, ইট, বালু, ইটের খোয়া রাখাসহ ঘেরা বেঁড়া দিয়ে কৃষি সজি চাষাবাদ করছে। যে কারণে যাবাহন চলাচলে ঝুকিপূর্ণ অবস্থা বিরাজ করছে। দ্রুত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান এবং ইউনিয়নের বিভিন্ন নদী ও খাস খালগুলোতে নেট-পাটা ও চারো দিয়ে পানি সরবরাহে বাঁধা সৃষ্টি করছেন। এবিষয়ে জরুরী সমাধানের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পানি উন্নয়নবোর্ড, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান<br><br>উপজেলা প্রকৌশলী, উপজেলা সিনিয়র মৎস্য কমৃকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ৮. | চেয়ারম্যান ৩ নং লাউডোব ইউপি। | জনাব নিহার মন্ডল, প্যানেল চেয়ারম্যান ৩ নং লাউডোব ইউপি সভায় জানান যে, লাউডোব বাজার স্লুইস গেটের দুই পার্শ্বে | আলোচ্য বিষয়টি সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত | সিনিয়র প্রকৌশলী, উপজেলা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্লকের উপর কিছু মানুষ বাঁশ ও অন্যান্য জিনিস দিয়ে ঘর স্থাপনের কাজে লিপ্ত আছে। তাদেরকে কিছু বলতে গেলে বলে আমাদের উপরের নির্দেশ আছে। এদেরকে নিষেধ করা সত্ত্বেও মানতে চায়না। সরকারী জায়গা রক্ষার স্বার্থে জরুরীভাবে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান | ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | তার ইউনিয়নের ছোট ছোট বিভিন্ন নদী ও খাস খালে আড়া আড়ি বাঁধ ও নেট-পাটা দিয়ে পানি সরবরাহের প্রতিবন্ধগতা তৈরী করছেন। এলাকার হতদরিদ্র কৃষকদের ও জেলেদের স্বার্থে নদী ও খাস খালগুলোর প্রতিবন্ধগতা দূর করার অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে সরেজমিন পরিদর্শন পূর্বক বাঁধ ও নেট-পাটা অপসারণের বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | | লাউডোব ইউনিয়নের অনেক জনগুরুত্বপূর্ণ রাস্তার উপর গবাদী পশু বেঁধে রাখা, গবাদী পশুর মল শুকানো, ইট, বালু, ইটের খোয়া রাখাসহ ঘেরা বেঁড়া দিয়ে কৃষি সজ্জি চাষাবাদ করছে। মটর সাইকেলসহ অন্যান্য যাবাহন চলাচলে ঝুকিপূর্ণ অবস্থা বিরাজ করছে। যেকনো সময়ে দুর্ঘটণা ঘটার সম্ভাবনা রয়েছে। | সচেতনতা বৃদ্ধির লক্ষে জনসাধারণের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ৯. | চেয়ারম্যান ৪ নং কৈলাশগঞ্জ ইউপি। | চেয়ারম্যান ৪ নং কৈলাশগঞ্জ ইউপি সভায় জানান যে, তার ইউনিয়নের অনেক জনগুরুত্বপূর্ণ রাস্তার উপর গবাদী পশু বেঁধে রাখা, গবাদী পশুর মল শুকানো, ইট, বালু, ইটের খোয়া রাখাসহ ঘেরা বেঁড়া দিয়ে কৃষি সজ্জি চাষাবাদ করছে। মটর সাইকেলসহ অন্যান্য যাবাহন চলাচলে ঝুকিপূর্ণ অবস্থা বিরাজ করছে। যেকনো সময়ে দুর্ঘটণা ঘটার সম্ভাবনা রয়েছে। এছাড়া বাঁধ ও নেট-পাটা দিয়ে পানি সরবরাহের প্রতিবন্ধগতা সৃষ্টিকারীদের বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ১০. | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি। | চেয়ারম্যান ৫ নং সুতারখালী ইউপি জানান যে, তার ইউনিয়নের অর্ন্তগত নলিয়ান টু কালিনগর রাস্তাটি ৪ বছর যাবৎ সংশ্লিষ্ট ঠিকাদার প্রতিষ্ঠান কাজ না করে ফেলে রেখেছে। এছাড়া কালিনগরের পার্শ্বে একটি কালভার্ট নষ্ট হয়ে আছে, যে কারণে জনসাধারণের চলাচলের সমস্যা হচ্ছে। জরুরীভাবে সমাধানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| ১১. | চেয়ারম্যান ৬ নং | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি বলেন যে, কোটা আন্দোলন ঘিরে কোমলমতি ছাত্র/ছাত্রিদের আবেগকে কিছু মানুষ ভিন্নখাতে প্রবাহিত করছে। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত | উপজেলা প্রকৌশলী । |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | কামারখোলা ইউপি। | এছাড়া নশকতা সৃষ্টি লক্ষ্যে মেট্রোরেলসহ সরকারী বিভিন্ন স্থাপনা ধংশ ও অগ্নি সংযোগ করে দেশের ক্ষতি করছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br><br>কামারখোলা আউনিয়নের ২ নং ওয়ার্ডে চলমান কার্পেটিং রাস্তায় ইউ ড্রেন নির্মাণ কাজ বন্ধ করার জন্য তাকেসহ স্থানীয় ইউপি সদস্য ও উপজেলা প্রকৌশলী বিরুদ্ধে খুলনার বিজ্ঞ আদালতে মামলা করা হয়েছে। যা সম্পূর্ণ হয়রানী মূলক। বিষয়টি খতিয়ে দেখাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | গৃহীত হয়। | |
| ১২. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি বলেন যে, তার আউনিয়নের বটবুনিয়া বাজার থেকে তেতুল তলা পর্যন্ত রাস্তা ধেসে পড়েছে। যেকোনো সময়ে বড়ধরণের ক্ষতির সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান।<br><br>ইউ ড্রেন নির্মাণ কাজ বন্ধ করার জন্য তাকেসহ স্থানীয় ইউপি সদস্য ও উপজেলা প্রকৌশলী বিরুদ্ধে খুলনার বিজ্ঞ আদালতে মামলা করা হয়েছে। যা সম্পূর্ণ হয়রানী মূলক। বিষয়টি খতিয়ে দেখাসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | বাপাউবো খুলনা ও উপজেলা প্রকৌশলী। |
| ১৩. | চেয়ারম্যান ৮ নং বাজুয়া ইউপি। | চেয়ারম্যান ৮ নং বাজুয়া বলেন যে, তার ইউনিয়নের জরাজির্ণ ভবনটি দ্রুত অপসারণ করা প্রযোজন। চুনকুড়ি গেট হতে চুনকুড়ি খেয়াঘাট অভিমুখে ইটের রাস্তার টেন্ডার কার্যক্রম দ্রুত আরম্ভ করার অনুরোধ জানান। এবং পশুর নদী জেগেওঠা চরের খাস জমির বেদখল ঠেকাতে সিমানা নির্ধারণ পূর্বক দ্রুত সরকারী হেপাজতে নেয়ার বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া স্লুইস গেট গুলির নিয়ন্ত্রণ ইউনিয়ন পরিষদের আওতায় দেয়ার জন্য অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে সরেজমিন পরিদর্শন পূর্বক দ্রুত বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইউপি চেয়ারম্যান। ও সংশ্লিষ্ট সকল। |
| | | তিনি আরও জানান চুনকুড়ি মৌজার ৩২৪, ২২২, ৮৫০ এবং ৯৩ নং খতিয়ানের মোট ৯.৩১ একর জমির বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে গ্রাম আদালতে অভিযোগ গ্রহণের জন্য বলেন। স্থানীয়ভাবে সমাধান না হলে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি সমাধানের লক্ষ্যে হালখাজনার রশিদসহ এ বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |
| ১৪. | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি। | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি জানান যে, কাটাখালী ওয়াপদার গেট হতে সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত রাস্তা ভায়া কালিপদ শীলের বাড়ীর রাস্তা এবং লাউডোব বাজার হতে বানিশান্তা বাজার পর্যন্ত ওয়াপদার | আলোচ্য বিষয়টি সরেজমিন পরিদর্শন পূর্বক দ্রুত বিধিগত/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জনগুরুত্বপূর্ণ রাস্তাটি বেহাল অবস্থা। মানুষ চলাচলের জন্য একবারেই অনুপযোগি হয়ে পড়েছে। অনতি বিলম্বে উল্লেখিত রাস্তার সংস্কার/কার্পেটিং করার বিষয়ে যথাযত কর্তৃপক্ষের দ্রষ্টি আকর্ষণ পুর্বক দ্রুত প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | | |
| ১৫. | ভাইস চেয়ারম্যান (মহিলা) | জনাব ফাতেমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, চলমান আন্দোলন এখন আর কোটা আন্দোলনে সিমাবদ্ধ নেই। প্রতিটা স্কুলের প্রধান শিক্ষকসহ অবিভাকদের নিয়ে মিটিং করে সমাধানের অনুরোধ জানান।<br><br>দাকোপের বিভিন্ন এলাকায় জমি দখল বন্ধসহ দেশের এ ক্রান্তি লগ্নে সকল ধর্মের মানুষের জান মাল ও ধর্মীয় প্রতিষ্ঠানের যাতে কোন কুচক্রী মহল ক্ষতি করতে না পারে সে বিষয়ে আইন শৃংখলা বাহীনিসহ সকলের সজাগ দৃষ্টি রাখার আহবান জানান।<br><br>দাকোপ থানা স্বাস্থ্য কম্প্লেক্সে রোগিদের সাথে নার্সদের দূর্ব্যবহার বন্ধের বিষয়ে বিধিগত ব্যবস্থা গ্রহণসহ মাদক মুক্ত দাকোপ গড়ার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সকলকে একযোগে কাজ করার আহবান জানান। | আলোচ্য বিষয়ের সমস্যা সমাধানের লক্ষ্যে কার্যকরি পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১৬. | মেয়র, চালনা পৌরসভা। | মেয়র, চালনা পৌরসভা সভায় জানান যে, চালনা পৌরসভার আওতাধীন পানির প্লান্টের পানির উৎস্য ছিলো ভদ্রানদী থেকে। বর্তমানে ভদ্রানদী পলি পড়ে শুকিয়ে গেছে। যে কারণে জন সেবায় বাধার সৃষ্টি হচ্ছে। পানির প্লান্ট দ্রুত চালু করতে উপজেলা পরিষদের আওতাধীন লেকটিকে পানির উৎস্য হিসাবে ব্যবহার করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গহণ অনুরোধ জানান। | আলোচ্য বিষয়টি সরেজমিন পরিদর্শন পূর্বক বিধিগত/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| ১৭. | উপজেলা নির্বাহী অফিসার। | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, দাকোপ উপজেলার যে সমস্ত খাল ও নদীতে নেট-পাটাসহ অন্যান্য মাছধরা উপকরণ দিয়ে খাল ও নদীর স্বাভাবিক পানি সরবরাহে বাধার সৃষ্টি করছে। এদেরকে প্রাথমিকভাবে গ্রাম পুলিশ দিয়ে নিষেধ করতে হবে। নিষেধের পরেও যারা সংশ্লিষ্ট কাজের সাথে জড়িত থাকবে ইউনিয়ন পরিষদের মাসিক মিটিং এ তাদের নামের তালিকা তৈরী করে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের জন্য দির্দেশনা প্রদান করা হয়। এছাড়া খেয়াঘাট ও | আলোচ্য বিষয়ে দ্রুত কার্যকরী ও বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইউপি চেয়ারম্যান সকল ও সংশ্লিষ্ট ইজারাদারগণ। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ফেরীতে সরকার নির্ধারিত টোল রেটের বাইরে যারা অর্থ আদায় করছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণসহ দ্রুত টোল রেট চার্ট ঝোলানোর বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা হবে। | | |
| | | উপজেলা পরিষদের অভ্যন্তরে চলমান রাস্তার কাজ দ্রুত সমাপ্ত করার বিষয়ে উপজেলা প্রকৌশলীকে দৃষ্টি আকর্ষণ করাসহ জরুরী সেবার আওতায় এ্যাম্বুলেন্সসহ অন্যান্য সেবা পেতে জনগণ হয়রানী হচ্ছে কি না সে বিষয়ে তাতক্ষনিক মনিটোরিং করার বিষয়ে বলেন। | আলোচ্য বিষয়ে কার্যকরী ও বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী ও ভাইস চেয়ারম্যানদ্বয় |
| | | উপজেলা নির্বাহী অফিসার আরও জানান, উপজেলা পরিষদ আইন-১৯৯৮(পুনঃপ্রবর্তন আইন, ২০০৯ ও সংশোধিত আইন, ২০১১) এর ধারা ২৯ অনুযায়ী প্রতিটি উপজেলায় ১৭ টি করে কমিটি গঠন করার বিধান রয়েছে। পরিষদ উহার কার্যাবলী সুচারুরূপে সম্পাদন করিবার লক্ষ্যে নিম্নোক্ত ১৭ কমিটি গঠন করা হয়। বিস্তারিত বিবরণ সংযোজনী-গ দ্রষ্টব্য। | আলোচ্য বিষয়ে গঠিত কমিটি মেয়াদ সর্বোচ্চ দুই বৎসর ছয় মাস বহাল থকিবে এবং দুই বছর অতিবাহিত হওয়ার পর পুনঃরায় আবার সংযোজনী-গ সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ভাইস চেয়ারম্যানদ্বয়, ১৭টি দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট সকল। |
| | | পরিবেশের ভারসাম্য রক্ষায় দাকোপ উপজেলার সকল সরকারী রাস্তার ধারে ফাঁকা জায়গায় ১,০০,০০০/- (এক লক্ষ) তাল গাছ ও ১০০০০০/- (এক লক্ষ) খেজুর গাছ রোপনের বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন এবং এ বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হয়।<br>১. সহকারী কমিশনার (ভূমি)- আহবায়ক<br>২. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা- সদস্য<br>৩. উপজেলা শিক্ষা কর্মকর্তা- সদস্য<br>৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা- সদস্য<br>৫. উপজেলা বন কর্মকর্তা- সদস্য<br>৬. সভাপতি, দাকোপ প্রেস ক্লাব- সদস্য<br>৭. উপজেলা কৃষি কর্মকর্তা- সদস্য সচিব | আলোচ্য বিষয়টি দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কমিটি ও এনজিও (সকল) দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| | | এছাড়া তিনি আরও জানান, উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভা পরিষদের একটি অতি গোপনিয় সভা। উক্ত সভার সদস্য ব্যতিত মিটিং চলাকালিন সময়ে না থাকার জন্য সকলকে অনুরোধ জানান। | আলোচ্য বিষয়ে কার্যকরী ও বিধিগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার। |

বিবিধ আলোচনা: নজিক প্রকল্পের উপজেলা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ পূর্বক চেয়ারম্যান ২ নং দাকোপ ও চেয়ারম্যান ৮ নং বাজুয়া বলেন, সুপেয় পানির অভাব সংকট নিরসনে নজিক প্রকল্পের মাধ্যমে প্রোথিত ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট সম্পর্কে কি ধরনের পদক্ষেপ গ্রহণ করা হয়। আলোচনায় বলা হয়, বাজুয়া মাধ্যমিক সংলগ্ন পুকুরের পানিকে ট্রিটমেন্ট করে পাইপ লাইনের মাধ্যমে সরবরাহ করার বিষয়ে প্রকল্প রাখা হয়েছে।

CS CamScanner

সিদ্ধান্তঃ জলবায়ু ঝুঁকি নিরসনের জন্য বাজুয়া মাধ্যমিক বিদ্যালয় ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট চূড়ান্ত করার এবং দাকোপ মাধ্যমিক বালিকা বিদ্যালয় সংলগ্ন রেইন ওয়াটার হার্ভেস্টিং এর সামনে স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভাপতিঃ পুনরায় নির্বাচিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা আলহাজ্ব শেখ আবুল হোসেন সভার সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি অত্র উপজেলার সকল জনসাধারণকে পুনরায় নির্বাচিত করানোর জন্য কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। বিগত দিনের মত আগামী দিনগুলো সকলের পাশে থেকে জনগনের সুখ, দুঃখ, সুবিধা ও আপদ বিপদের সহযোগিতা করার জন্য ওয়াদা করেণ।

তিনি আরও বলেন, ম্যানুয়াল অনুযায়ী উপজেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহণের ৩০ দিনের মধ্যে প্যানেল চেয়ারম্যান তৈরীর বিধান আছে। প্যানেল চেয়ারম্যান তৈরীর বিষয়ে আলোচনান্তে সভায় উপস্থিত নির্বাচিত ইউপি চেয়ারম্যানগন ভোট গ্রহণের বিষয়ে প্রস্তাব করেণ। অতঃপর ভোট গ্রহণের মাধ্যমে জনাব ফাতেমা আক্তার ও প্যানেল চেয়ারম্যান ১ ও জনাব কিশোর কুমার রায় প্যানেল চেয়ারম্যান ২ গঠন করা হয়।

উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে স্ব স্ব দায়িত্ব পালনের বিষয়ে পরামার্শ প্রদান করা হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানান।

(আলহাজ্ব শেখ আবুল হোসেন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
ও
সভাপতি
উপজেলা পরিষদ, উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.২৪. (৫০) তারিখ ০৯ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ / ২৪ জুলাই ২০২৪ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ৯৯, খুলনা-১।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪. প্রধান প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৫. জেলা প্রশাসক, খুলনা।
৬. নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
৭. সিনিয়র সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, (রাজনৈতিক শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মেয়র, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
৯. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
১০. ........................................................ সংশ্লিষ্ট অন্যান্য সকল, দাকোপ, খুলনা।

(জয়দেব চক্রবর্তী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
unodacope@mopa.gov.bd

CamScanner